

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

اتعیین إثنی عشر نقیبا) अर्जन निका प्रतानशन (تعیین إثنی عشر نقیبا)

৭৫ জনের বায়'আত সম্পন্ন হওয়ার পর আল্লাহর রাসূল (ছাঃ) তাদের মধ্য হ'তে ১২ জনকে প্রতিনিধি (নাক্বীব) বা নেতা নির্বাচন করে দিলেন। তার মধ্যে ৯ জন খাযরাজ ও ৩ জন আউস গোত্র হ'তে। খাযরাজ গোত্রের নয়জন হ'লেন- (১) বনু নাজ্জারের আবু উমামাহ আস'আদ বিন যুরারাহ (২) সা'দ বিন রবী' (৩) আব্দুল্লাহ বিন রাওয়াহা (৪) রাফে' বিন মালেক (৫) বারা বিন মা'রের (৬) আব্দুল্লাহ বিন 'আমর (৭) উবাদাহ বিন ছামেত (৮) সা'দ বিন ওবাদাহ (৯) মুন্যির বিন 'আমর।

আউস গোত্রের তিনজন হ'লেন, (১০) উসায়েদ বিন হ্যায়ের (১১) সা'দ বিন খায়ছামা (১২) রেফা'আহ বিন আব্দুল মুন্যির (আহমাদ হা/২২৮২৬)।

অতঃপর তিনি তাদের নিকট থেকে পুনরায় নেতৃত্বের দায়িত্ব পালনের বায়'আত গ্রহণ করলেন।[1]

ফুটনোট

[1]. ইবনু হিশাম ১/৪৪৬। প্রসিদ্ধ আছে যে, এসময় তিনি বলেছিলেন, كَفَلاَءُ كَكَفَالَةِ كَالَى قَوْمِيُ أَنْتُمْ عَلَى قَوْمِي الْبُنِ مَرْيَمَ، وَأَنَا كَفِيلٌ عَلَى قَوْمِي 'তোমরা তোমাদের সম্প্রদায়ের উপরে তাদের ভাল-মন্দের ব্যাপারে দায়িত্বশীল, ঈসা (আঃ)-এর হাওয়ারীগণের দায়িত্বের ন্যায়। আর আমি আমার কওমের উপরে (মুসলমানদের উপরে) দায়ত্বশীল' (আর-রাহীক ১৫১-৫২ পৃঃ)। বর্ণনাটির সনদ যঈফ (ঐ, তা'লীক ৯৫-৯৬; আলবানী, ফিক্ছ্স সীরাহ পৃঃ ১৫০)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5342

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন